

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৭

তারিখ: ২৮ মাঘ ১৪২৬

১১ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

আজ ১১ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নাই এবং কোনো সংকেত দেখাতে হবে না।

আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ উপমহাদেশীয় উচ্চচাপ বলয়ের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকা পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।

কুয়াশাঃ শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের কোথাও কোথাও হালকা কুয়াশা পড়তে পারে।

শৈত্যপ্রবাহঃ গোপালগঞ্জ, রাজশাহী, পাবনা, যশোর, চুয়াডাঙ্গা, বরিশাল ও শ্রীমঙ্গল অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্যপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা কিছু এলাকা থেকে প্রশমিত হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে রাত এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): এ সময়ের শেষের দিকে তাপমাত্রা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৭.৫	২৬.২	২৯.৩	২৭.৮	২৬.৭	২৬.৬	২৬.৬	২৬.৯
সর্বনিম্ন তাপমাত্রা	০৯.৮	১২.৬	১১.০	০৯.৩	০৯.৫	০৭.৭	০৮.৫	০৯.৮

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল টেকনাফ ২৯.৩° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ০৭.৭°সেঃ।

অগ্নিকান্ডঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৯/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১০/০২/২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৩৮টি অগ্নিকান্ডের ঘটনা

ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের তথ্য নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	১৪	৩	০
২।	ময়মনসিংহ	৪	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	৪	০	০
৭।	চট্টগ্রাম	৮	৩	০
৮।	খুলনা	৫	০	০
	মোট	৩৮	৬	০

উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

১। ঢাকাঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স থেকে টেলিফানের মাধ্যমে জানা গেছে যে, গতকাল ১০/০২/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ৫.৫০ টায় ইসলামপুরের লায়ন টাওয়ার ১১ তলা ভবনের সেন্ট্রাল এসি এর কম্প্রসার সার্ভিসিং করতে গিয়ে বিস্ফোরণ হয়। বিস্ফোরণের ফলে আলামিন (২৫), আলামিন (২৫) এবং আরিফ (৩০) নামের তিনজন আহত হয়েছে।

২। চট্টগ্রামঃ জেলা প্রশাসন, চট্টগ্রাম স্মারক নং-০৫.৪২.১৫০০.২১১.৯৬.০১৩.২০-৯০; তারিখঃ ১১/০২/২০২০ এর মাধ্যমে জানিয়েছে যে, গত ১০/০২/২০২০ খ্রিঃ তারিখ আনুমানিক সকাল ১০.৫০ ঘটিকায় চট্টগ্রাম মহানগরের ডবলমুরিং থানাধীন কমার্স কলেজ রোড, ৩৪৭ আগ্রাবাদ, দেলোয়ার হোসেন এর ওয়ার্কসপে রাবার ফিটিংস এর কাজ করার সময় গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে অগ্নিকান্ড সংঘটিত হয়। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ০২ টি ইউনিট অংশগ্রহণ করে সকাল ১১.৩০ ঘটিকায় আগুন নেভাতে সক্ষম হয়। অগ্নিকান্ডে শাহাদাৎ ভুইয়া (৫৫), মিজানুর রহমান (৩৮), আলাউদ্দিন (৫০) নামের মোট তিনজন আহত হয়। আহত ব্যক্তিগণ চট্টগ্রাম মেডিক্যাল হাসাপাতালে চিকিৎসাধীন রয়েছে।

১১-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান

ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অধিশাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩৭৭/১

তারিখ: ২৮ মাঘ ১৪২৬

১১ ফেব্রুয়ারি ২০২০

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ২) জেলা ত্রাণ ও পূর্ণবাসন কর্মকর্তা
- ৩) প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৪) পরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১১-২-২০২০

মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)